জাতীয় বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৪

মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি নির্দেশিকা ২০১৮

(সংশ্লিষ্ট কোর্সসমূহের জন্য চলমান শিক্ষাবর্ষ প্রযোজ্য হবে)

মাস্টার্স (প্রফেশনাল) কোর্সসমূহ

- ব্যাচেলর অব এডুকেশন [বি এড]
- ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন [বি এম এড]
- ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন [বি এস এড]
- ব্যাচেলর ফিজিক্যাল এডুকেশন [বি পি এড]
- এমএসসি ইন কম্পিউটার সায়েন্স
- মাস্টার অব এডুকেশন [এম এড]
- মাস্টার অব স্পেশাল এডুকেশন [এম এস এড]
- মাস্টার অব ফিজিক্যাল এডুকেশন [এম পিএড]
- ব্যাচেলর অব ল'স [এল এল বি] শেষ পর্ব

ভর্তি বিষয়ক ওয়েবসাইট

(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)

সাধারণ নির্দেশনা

- ১৫ অক্টোবর ২০১৭ তারিখ থেকে ৩১ অক্টোবর ২০১৭ তারিখের মধ্যে প্রার্থীকে নির্দিষ্ট website (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এ ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে সংশ্লিষ্ট কলেজে ০১ নভেম্বর ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাস ০১ জানুয়ারি ২০১৮ তারিখ থেকে শুরু হবে।
- ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর মাধ্যমে জানা যাবে। SMS (nu<space>atpm<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র ভর্তির ফলাফল জানা যাবে।
- প্রাথমিক আবেদন ফরমে শিক্ষার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন ফরম/ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- একই শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- এই ভর্তি নির্দেশিকার যে কোন ধারা/নিয়মাবলীর সংশোধন, সংযোজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১। মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে আবেদনের যোগ্যতা

ক্রম	ভর্তিচ্ছু বিষয়সমূহ ও বিষয় কোড	শিক্ষাবর্ষ	মেয়াদকাল	ভর্তির ন্যূনতম যোগ্যতা
ক)	**Bachelor of Education (BEd)**	২০১৮	১ বছর	**i) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ৩ বছর মেয়াদী স্নাতক (পাস) অথবা ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।** এই ক্যাটাগরীর প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Master's Tab** এ গিয়ে **Apply Now (Masters Professional)** অপশন থেকে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। **ii)** জাতীয় বিশ্ববিদ্যালয় হতে ২(দুই) বছর মেয়াদী স্নাতক(পাস) অথবা ৩ (তিন) বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীগন কর্মরত শিক্ষক হয়ে থাকলে **বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড** কোর্সে ২০১৭ শিক্ষাবর্ষে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে পারবেন। এছাড়া স্বীকৃত অন্যান্য যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ৩ (তিন)/৪ (চার) বছর মেয়াদী স্নাতক (সম্মান)/মাস্টার্স ডিগ্রীধারীগন উক্ত শিক্ষা কার্যক্রম সমূহে ভর্তির জন্য প্রাথমিক আবেদন করতে পারবেন। **এই ক্যাটাগরির প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের Master's Tab এ গিয়ে blank data entry form (Masters Professional) অপশন থেকে নির্ধারিত সময়েই প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে।** **iii)** BPEd কোর্সে প্রাথমিক আবেদনের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩৫ বছরের অধিক হবে না (৩১/১২/২০১৮ তারিখ পর্যন্ত) তবে শিক্ষকদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। **এক্ষেত্রে প্রার্থীর বিষয়ভিত্তিক যোগ্যতার বিষয়টি সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ যাচাই করবেন।**
খ)	**Bachelor of Madrasa Education (BMEd)**			
গ)	**Bachelor of Special Education (BSEd)**			
ঘ)	**Bachelor of Physical Education (BPEd)**			
ঙ)	**Master of Education (MEd)**	২০১৮	১ বছর	জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে BEd/BMEd পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
চ)	**Master of Special Education (MSEd)**	২০১৮	১ বছর	জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে BSEd /BEd/BMEd পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
ছ)	**Master of Physical Education (MPEd)**	২০১৮	১ বছর	জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে BPEd পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
জ)	**Bachelor of Laws (LLB), Final**	২০১৬-২০১৭	১ বছর	জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ২০০৮ সাল থেকে এলএলবি ১ম পর্ব পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
ঝ)	**M Sc in Computer Science**	২০১৫-২০১৬	১ বছর	জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫ সাল বা তৎপূর্বে চার বছর মেয়াদী বিএসসি ইন কম্পিউটার সায়েন্স পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

২। Online এ ভতির আবেদন ফরম পূরণ ও করণীয়

ফরম পূরণের ধাপসমূহ	করণীয়
লগইন (Login)	আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Master's Tab** এ গিয়ে Apply Now (Masters Prof.)/Blank Data Entry Form (Masters Prof.) অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর **স্নাতক(পাস) /স্নাতক(সম্মান) /বিএড /বিএড(সম্মান) /বিএমএড /বিএসএড /বিপিএড /এলএলবি পার্ট-১ /বিএসসি ইন কম্পিউটার সায়েন্স** পরীক্ষার রোল ও রেজিস্ট্রেশন নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পঠিত কোর্স, ব্যক্তিগত মোবাইল নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। **Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফরম পূরণের ক্ষেত্রে প্রার্থীকে সতর্কতার সংগে নিজের নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি দিতে হবে। **এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

কলেজ ও কোর্স পছন্দ	আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজ/প্রতিষ্ঠানের নাম **Select** করলে **মাস্টার্স (প্রফেশনাল)** অধিভুক্ত কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা থেকে প্রার্থীকে সর্তকতার সংগে তার প্রার্থিত কোর্সের পছন্দ নির্ধারণ করতে হবে।
কোটা	মুক্তিযোদ্ধার সন্তান/ আদিবাসি/ প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক শিক্ষার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে।
ছবি সংযোজন	প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে। **প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে**।
ফরম চূড়ান্তকরণ	সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [**A4** (8.5”×11”) অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে।
আবেদন ফরম বাতিলকরণ/ ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন	আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার **প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন** করতে ইচ্ছুক হলে তাকে **Applicant’s Login (Masters Professional)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে **আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে** হবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী এ ধরণের পরিবর্তনের সুযোগ মাত্র একবারই পাবে**।
সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে ফরম জমা ও ফি প্রদান	আবেদনকারীকে আবেদন ফরমের প্রিন্টেড কপির নির্ধারিত স্থানে স্বাক্ষর করতে হবে এবং প্রার্থীর **স্নাতক(পাস) /স্নাতক(সম্মান) /বিএড /বিএড(সম্মান) /বিএমএড /বিএসএড /বিপিএড /এলএলবি পার্ট-১ /বিএসসি ইন কম্পিউটার সায়েন্স** পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমের দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে। **Blank Data Entry Form (Masters Professional)** এ আবেদনকারী প্রার্থীর শিক্ষকতার দালিলিক প্রমাণাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদের সত্যায়িত কপি সংশ্লিষ্ট কলেজে প্রাথমিক আবেদনের সঙ্গে জমা দিতে হবে। সংশ্লিষ্ট কলেজ তা যাচাই করে আবেদন নিশ্চয়ন করবেন। **blank data entry form এ প্রার্থী কর্তৃক কোন ভুল/অসত্য তথ্য প্রদান করা হলে দেয়া হলে তার দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শিক্ষার্থী ও কলেজ কর্তৃপক্ষ বহন করবে।** কলেজ যে সকল প্রাথমিক আবেদন ফরম online-এ নিশ্চয়ন করবে সে সকল প্রার্থী তাদের মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে তা জানতে পারবে।

৩। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

কোটার প্রকৃতি	সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। কোর্সভিত্তিক আসন বন্টন	কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। কলেজভিত্তিক আসন বন্টন	কোটায় আবেদন করার শর্ত
মুক্তিযোদ্ধার সন্তান	০৩ টি	১৫ টি	সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে।
আদিবাসি	০১ টি	০৭ টি	
প্রতিবন্ধী	০১ টি	০৩ টি	
মোট	০৫ টি	২৫ টি	

৪। পোষ্য (Ward) কোটায় ভর্তি

মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকে পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য প্রার্থীকে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। **একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত বলে বিবেচিত হবে** ।

৫। ফলাফল

ক) মাস্টার্স (প্রফেশনাল) কোসসমূহে ভর্তির জন্য আবেদনকারী শিক্ষার্থীদের **স্নাতক(পাস) /স্নাতক(সম্মান) /বিএড /বিএড(সম্মান) /বিএমএড /বিএসএড /বিপিএড /এলএলবি পার্ট-১ /বিএসসি ইন কম্পিউটার সায়েন্স** পর্যায়ে প্রাপ্ত নম্বরের শতকরা হারের ভিত্তিতে প্রতিটি প্রতিষ্ঠান/কলেজের জন্য আলাদাভাবে মেধাতালিকা তৈরী করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

মেধাতালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন

স্নাতক পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন	স্নাতক পর্যায়ে প্রাপ্ত জিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন	সর্বমোট নম্বর
$\frac{\text{প্রাপ্ত নম্বর}}{\text{সর্বমোট নম্বর}} \times ১০০$	$\frac{\text{প্রাপ্ত সি জি পি এ}}{\text{মোট স্কেল}} \times ১০০$	১০০

খ) একই প্রতিষ্ঠান/কলেজের দুই বা ততোধিক আবেদনকারীর মেধাস্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর জন্ম তারিখের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধাতালিকা, প্রয়োজন হলে শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধাতালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মাধ্যমে প্রকাশ করা হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজ **User ID, Password** ও **OTP** ব্যবহার করে ভর্তির কোর্সওয়ারী ফলাফল দেখতে পারবে। শিক্ষার্থীরা ভর্তি সংশ্লিষ্ট ওয়েবসাইট **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** এবং SMS **(nu<space>atpm<space>roll no** টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

৬। মেধাতালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

ফরম পূরণের ধাপসমূহ	**করণীয়**
লগইন (Login)	মেধাতালিকা/কোটার মেধাতালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীকে নির্দিষ্ট ওয়েবসাইটে(www.admissions.nu.edu.bd) অথবা (nu.edu.bd/admissions) Master tab- এ গিয়ে **Master (Professinal) Applicant Login** অপশনে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম, বরাদ্দকৃত কোর্স, সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানের নাম ও অন্যান্য তথ্যসহ ভর্তির আবেদন ফরম website-এ দেখা যাবে।
আবেদন ফরমের প্রিন্ট	সঠিক তথ্য সহকারে ভর্তির আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম website এ দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি A4 (8.5”×11”) অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে।
সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম জমা	আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর স্নাতক পর্যায়ের শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ও ভর্তি ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে ।
কোটার ফলাফল	রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে।
চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন	সংশ্লিষ্ট কলেজ কর্তৃক Online এ মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করা হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীকে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে। এছাড়াও শিক্ষার্থী Online এ লগইন করেও জানতে পারবে।

৭। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল প্রার্থী মেধাতালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধাতালিকায় স্থান পেয়েও ভর্তি হবে না, সে সকল প্রার্থী তিনটি কলেজ পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

রিলিজ স্লিপের ধাপসমূহ	**করণীয়**
লগইন (Login)	**রিলিজ স্লিপে আবেদনের জন্য** শিক্ষার্থীকে Applicant’s Login (Masters Professional) অপশনে গিয়ে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে শিক্ষার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম **website** এ প্রদর্শিত হবে। **রিলিজ স্লিপে আবেদনের জন্য** প্রার্থীকে নির্দিষ্ট ওয়েবসাইটের **(www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions)** Master tab-এ গিয়ে **Master Professional Applicant Login** অপশনে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে।
	রিলিজ স্লিপের আবেদন ফরমের **College option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী

কলেজ পছন্দক্রম নির্ধারণ	**প্রতিষ্ঠান**/কলেজ **Select** করলে ঐ **প্রতিষ্ঠান/**কলেজের কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা দেখতে পাবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী **সর্বোচ্চ তিনটি প্রতিষ্ঠান/কলেজ** নির্ধারণ করে ফরম পূরণ করতে পারবে।
আবেদন ফরম চূড়ান্তকরণ	সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, ভর্তির প্রাথমিক আবেদনের রোল নম্বর, পিন কোড ও কলেজের নাম একটি নতুন আবেদন ফরম **website**-এ দেখতে পাবে। উক্ত ফরমটি Download করে **A4** (8.5”x11”) অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে তবে **এটি সংশ্লিষ্ট কলেজসমূহে জমা দিতে হবে না**।
রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ	রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্ত করণের পরও যদি কোন শিক্ষার্থী তার আবেদন ফরমে কলেজ সংশোধন বা পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant’s Login (Masters Professional) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Cancel Release Slip অপশনে** গিয়ে **Click to Generate the Security key** ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। **প্রার্থী এ সুযোগ কেবল একবারই পাবে**।
রিলিজ স্লিপের ফলাফল	রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে।
ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি	প্রার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজ/প্রতিষ্ঠানে বরাদ্দ পেলে প্রার্থীকে নির্দিষ্ট ওয়েবসাইটের (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Master tab-এ গিয়ে Master Professional Applicant Login অপশনে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করবে এবং ভর্তির আবেদন ফরম পূরণ করে এর প্রিন্ট নিবে। এই আবেদন ফরমের সংগে প্রার্থীর **স্নাতক(পাস) /স্নাতক(সম্মান) /বিএড /বিএড(সম্মান) /বিএমএড /বিএসএড /বিপিএড /এলএলবি পার্ট-১ /বিএসসি ইন কম্পিউটার সায়েন্স** পরীক্ষার নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি ও ভর্তি ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রার্থীর প্রত্যয়নপত্র(প্রযোজ্য ক্ষেত্রে) ও শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপিসমূহ যাচাই করে রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ শিক্ষার্থীকে ফেরত দিবে।

৮। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

সংশ্লিষ্ট কলেজের User ID, Password ও One Time Password (OTP) সংগ্রহ	• সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) এর College (Postgraduate) Login অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত User ID ও Password এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে গিয়ে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও কলেজ ই-মেইল এর মাধ্যমে One Time Password (OTP) পাবে। এই OTP ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে। • **এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তি কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুইজন দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস ডিন, স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে।**
প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ এবং শিক্ষাগত যোগ্যতার তথ্য ও ছবি যাচাই, নিশ্চয়ন	• সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীর কাছ থেকে প্রথমে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে। কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে প্রার্থীর আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত সকল তথ্য ও ছবি অত্যন্ত সতর্কতার সাথে যাচাই করে নিতে হবে। • **Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে যে সকল প্রার্থী আবেদন করবে, তাদের প্রাথমিক আবেদন ফরম যাচাইয়ের ক্ষেত্রে প্রার্থীর নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, প্রার্থীর দাখিলকৃত নম্বর ও সনদপত্র, শিক্ষকতার প্রত্যয়ন পত্রের(প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি এবং ছবির সাথে মিলিয়ে নিতে হবে। • তথ্য সঠিক মনে হলে নির্ধারিত **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** জমা রেখে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে **Applicant’s/Admission Approval (Masters Professional)** মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে। • কোন প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে। **কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন না করা হলে ঐ প্রার্থীর মেধাতালিকা প্রণয়ন করা হবে না।**

ভর্তির প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী সেবা" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ	সংশ্লিষ্ট কলেজকে শিক্ষার্থীদের প্রাথমিক আবেদন ফি'র ৩০০/- টাকার মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ **[প্রার্থী প্রতি ২০০/- (দুইশত) টাকা হারে]** যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে **Application Payment Info (Masters Professional)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। ভর্তির প্রাথমিক আবেদন (ভর্তি ফান্ড) ফি'তে সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100003245** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।
চূড়ান্ত ভর্তির আবেদন ফরম সংগ্রহ, শিক্ষাগত যোগ্যতার তথ্য ও ছবি যাচাই, নিশ্চয়ন	• মেধাতালিকা, রিলিজ স্লিপ ও কোটায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের কাছ থেকে সংশ্লিষ্ট কলেজ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম সংগ্রহ করবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত সকল তথ্য ও ছবি অত্যন্ত সতর্কতার সাথে যাচাই করে নিতে হবে। • **Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে যে সকল প্রার্থী আবেদন করবে, তাদের চূড়ান্ত ভর্তির আবেদন ফরম যাচাইয়ের ক্ষেত্রে প্রার্থীর নাম, পিতা/মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য, প্রার্থীর দাখিলকৃত নম্বর ও সনদপত্র, শিক্ষকতার প্রত্যয়ন পত্রের(প্রযোজ্য ক্ষেত্রে) মূলকপি এবং ছবির সাথে মিলিয়ে নিতে হবে। • তথ্য সঠিক মনে হলে চূড়ান্ত ভর্তি ফি জমা রেখে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চয়ন করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে **Applicant's/Admission Approval (Masters Professional)** মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কলেজ তাদের এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা website-এ দেখতে পারবে। • কোন শিক্ষার্থীর তথ্যগত অসংগতি বা ত্রুটিপুর্ণ ছবি পরিলক্ষিত হলে ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে। • **Blank Data Entry Form** ব্যবহার করে যারা ভর্তি হয়েছে, সে সকল শিক্ষার্থীদের শিক্ষকতা অভিজ্ঞতার দালিলিক প্রমাণাদি(প্রযোজ্য ক্ষেত্রে) এবং শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূলকপি যাচাই করে ভর্তি নিশ্চয়ন করতে হবে এবং **"প্রার্থী/প্রার্থীদের ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদি সঠিক"**- মর্মে একটি প্রত্যয়নপত্রসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের একটি তালিকা কলেজ অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন(স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে প্রেরণ করবেন। **সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রাথমিক ও চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে সেই প্রার্থী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না এবং তার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।** **এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**
চূড়ান্ত ভর্তি ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ	সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [প্রতি প্রার্থী থেকে ০৯ নং অনুচ্ছেদে কোর্সভিত্তিক বর্ণিত হারে টাকা] যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কলেজ Login এর মাধ্যমে **Admission Payment Info (Masters Professional)** অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ সংশ্লিষ্ট শিক্ষাবর্ষে মাস্টার্স/স্পেশাল এডুকেশন(প্রফেশনাল) "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- **0218100000134** উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে।

৯। চূড়ান্ত ভর্তির জন্য কোর্সওয়ারী ফিসের হার :

ব্যাচেলর অব এডুকেশন /মাস্টার অব এডুকেশন /মাস্টার অব ফিজিক্যাল এডুকেশন /এল এল বি [শেষ পর্ব] /এমএসসি ইন কম্পিউটার সায়েন্স	i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি	**= ১২০০/- (এক হাজার দুইশত) টাকা** = ২০/- (বিশ) টাকা = ৫/- (পাঁচ) টাকা = ১০/- (দশ) টাকা মোট **১,২৩৫/- (এক হাজার দুইশত পঁয়ত্রিশ) টাকা**
ব্যাচেলর অব ফিজিক্যাল এডুকেশন /ব্যাচেলর অব স্পেশাল এডুকেশন /মাস্টার অব স্পেশাল এডুকেশন /ব্যাচেলর অব মাদ্রাসা এডুকেশন	i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি	**= ১০০০/ (এক হাজার) টাকা** = ২০/- (বিশ) টাকা = ৫/- (পাঁচ) টাকা = ১০/- (দশ) টাকা **মোট ১,০৩৫/- (এক হাজার পঁয়ত্রিশ) টাকা**
শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি = ৭০০/- (সাতশত) টাকা		

স্বাক্ষরিত/-
(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডীন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
সদস্য সচিব, স্নাতকোত্তর ও প্রফেশনাল কোর্সসমূহে
ভর্তি পরিচালনা কমিটি
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯
ই-মেইল- pgdeanoffice@gmail.com

© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।